

৫. মান পর্যায়ের কয়েকটি পদ আলোচনা করে দেখাও বিদ্যাপতি এবং  
গোবিন্দদাসের মধ্যে কাকে তুমি এই পর্যায়ের কবি হিসেবে বেশি গুরুত্ব  
দেবে? ১০

**অথবা**

৬. রূপ গোস্বামীর আলোচনায় প্রেমবৈচিত্র্যের কোনও বর্গ/বিভাগ উল্লেখিত  
না হলেও আক্ষেপানুরাগকে প্রেমবৈচিত্র্যের অংশ বলতে চেয়েছেন কোনও  
কোনও বৈষ্ণব পণ্ডিত। প্রেমবৈচিত্র্য এবং আক্ষেপানুরাগের একটি করে  
পদ আলোচনা করে এই বিবেচনার একটি যথার্থ মূল্যায়ন করো। ১০

৭. 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থের গোড়ার ছটি শ্লोকেই এ গ্রন্থের মূল দাশনিক  
বক্তব্যটি ধরা পড়েছে। প্রয়োজনীয় উদ্ধৃতিসহ এই কথার তাৎপর্য বুঝিয়ে  
দাও। ১০

**অথবা**

৮. চৈতন্যদেব নিছক যুগাবতার নন, তাঁর নবদ্বীপে আবির্ভূত হওয়ার যে  
কারণগুলি নিজের বইতে নির্দিষ্ট করেছেন কৃষ্ণদাস তাতেই তা স্পষ্ট। এ  
কথার তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

---

 — X — 

---

স্বাতকোত্তর অন্ত্য সেমেষ্টার পরীক্ষা, ২০১৮

(প্রথম বর্ষ, প্রথম সেমেষ্টার)

বিভাগ - বাংলা

মধ্যযুগের বাংলা সাহিত্য

কোর্স পি.জি. - ১.৪

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও ৩টি প্রশ্নের উত্তর দাও।

১. ভারতের সাহিত্য ও সংস্কৃতিতে বেদের যুগ থেকে ভাগবতের কাল পর্যন্ত  
সময়ে শ্রীকৃষ্ণ কীভাবে একটি গুরুত্বপূর্ণ চরিত্র হয়ে উঠলেন তার একটি  
সংক্ষিপ্ত রূপরেখা দাও। ১০

**অথবা**

২. গোড়ীয় বৈষ্ণব রসতত্ত্ব মোতাবেক মধুরা কৃষ্ণরতির একটি পূর্ণসঙ্গ বিবরণ  
প্রস্তুত করো। ১০

৩. ভাগবত অবলম্বনে লিখিত মালাধর বসুর 'শ্রীকৃষ্ণবিজয়' গ্রন্থ কী স্বাতন্ত্র্য  
অর্জন করতে পেরেছে বলে তুমি মনে কর? তোমার মতামত যুক্তিসহ  
লেখো। ১০

**অথবা**

৪. প্রাদেশিক বাংলা সাহিত্যে সর্বভারতীয় ঐশ্বর্যগুণান্বিত কৃষ্ণকথা  
'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যের মধ্যে দিয়ে কীভাবে রূপায়িত হয়েছে? আলোচনা  
করো। ১০